



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো লিঃ)

West Zone Power Distribution Company Limited (WZPDCL)

ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বিদ্যুৎভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০। ফোনঃ ০২-৪৪১১১৫৭৪

স্মারক নং- ২৭.২২.৪৭৮৫.০০১.০১.০০১.২৩.১৭৬/১


তারিখঃ ১১/০১/২০২৩ খ্রিঃ

সভার নোটিশ

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক সভা আগামী ১৫/০১/২০২৩ ইং রোজ রবিবার সকাল ১১:০০ ঘটিকায় নির্বাহী পরিচালক (পরিচালন) মহোদয়ের সভাপতিত্বে অনলাইনে (জুমে) অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত জুম আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে যথাসময়ে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জুম আইডিঃ ৬২৬ ৮৭৫ ০৭০৪

জুম পাসওয়ার্ডঃ ১২৩৪৫


১১/০১/২৩

মোঃ আলমগীর কবীর

উপমহাব্যবস্থাপক (এইচআর এন্ড এডমিন)

ওজোপাডিকো, খুলনা

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো

১. ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকোলিঃ, খুলনা।
২. নির্বাহী পরিচালক (অর্থ/পরিচালন/পিএন্ডডি), ওজোপাডিকোলিঃ, খুলনা।
৩. প্রধান প্রকৌশলী, ও এন্ড এম, এস এন্ড ডি, ওজোপাডিকোলিঃ, খুলনা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পওস সার্কেল), ওজোপাডিকোলিঃ, খুলনা/যশোর/কুষ্টিয়া/ফরিদপুর/বরিশাল/পটুয়াখালী।
৫. সকল নির্বাহী প্রকৌশলী.....
৬. নির্বাহী প্রকৌশলী (আইসিটি), সদর দপ্তর, ওজোপাডিকোলিঃ, খুলনা [জুমে মিটিং আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলো]
৭. সকল আবাসিক প্রকৌশলী.....
৮. দপ্তর নথি।



ওজোপাডিকো'র আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের জন্য অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতিঃ প্রকৌঃ মোহাঃ শামছুল আলম, নির্বাহী পরিচালক (পরিচালন)
সভার তারিখঃ ১৫/০১/২০২৩ খ্রিঃ
সভার সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থানঃ বিদ্যুৎ ভবন কনফারেন্স রুম, বয়রা, খুলনা।

সভার সভাপতি প্রকৌঃ মোহাঃ শামছুল আলম, নির্বাহী পরিচালক (পরিচালন), ওজোপাডিকো, খুলনা মহোদয় এর সভাপতিত্বে অনলাইন জুম প্ল্যাটফর্মে সভার কার্যক্রম শুরু হয়। অতঃপর ওজোপাডিকো'র আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর বিশদ আলোচনা হয় এবং প্রযোজ্য ক্ষেত্রে ফিডব্যাক প্রদান করা হয়। উক্ত সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---------|---|---|--|
| ১ | ওজোপাডিকো'র সদর দপ্তরে নির্মিত ০৬ তলা ভবনে মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা সংক্রান্ত কাজ যথাসময়ে সমাপ্ত হওয়ায় সভাপতি এ কাজের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ওজোপাডিকো'র সদর দপ্তরে নবনির্মিত ০৬ তলা ভবনের প্রতিটি ফ্লোরে মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ২ | সভাপতি বলেন যে, ওজোপাডিকো'র ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনার সূচক [১.৫, (ক)] এর লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ৩০ মার্চ/২০২৩ ইং তারিখের মধ্যে বিক্রয় ও বিতরণ বিভাগ, বাগেরহাট দপ্তরে রক্ষিত অকেজো মালামাল সমূহ নিলামের মাধ্যমে বিক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। তিনি আরও বলেন, আগামী ১০ জুন/২০২৩ ইং তারিখের মধ্যে উক্ত দপ্তরের ভান্ডার আঞ্জিনা পরিষ্কার করতে হবে। এক্ষেত্রে ভান্ডার আঞ্জিনা পরিষ্কারের পূর্বের ও পরের ছবি তুলে প্রমানক হিসেবে সংরক্ষণ করতে হবে। নিলাম প্রক্রিয়া এবং ভান্ডার আঞ্জিনা পরিষ্কার সংক্রান্ত কাজের অফিস আদেশ প্রমানক হিসেবে সংরক্ষণ করার জন্যও তিনি নির্দেশনা প্রদান করেন। | ১। আগামী ৩০ মার্চ/২০২৩ ইং তারিখের মধ্যে নিলামের মাধ্যমে অকেজো মালামালের বিক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ২। আগামী ১০ জুন/২০২৩ ইং তারিখের মধ্যে ভান্ডার আঞ্জিনা পরিষ্কার করতে হবে। ৩। ভান্ডার আঞ্জিনা পরিষ্কারের পূর্বের ও পরের ছবি তুলে প্রমানক হিসেবে সংরক্ষণ করতে হবে। ৪। নিলাম প্রক্রিয়া এবং ভান্ডার আঞ্জিনা পরিষ্কার সংক্রান্ত কাজের অফিস আদেশ প্রমানক হিসেবে সংরক্ষণ করতে হবে। ৫। সকল প্রমাণক সদর দপ্তরের এপিএ শাখায় যথাসময়ে প্রেরণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বাগেরহাট। |
| ৩ | সভাপতি বলেন যে, ওজোপাডিকো'র ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনার সূচক [১.৫, (খ)] এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বিক্রয় ও বিতরণ বিভাগ, ওজোপাডিকো, চুয়াডাঙ্গা দপ্তরের পাশে বিদ্যমান পুরনো ও অকেজো গাড়ি সহ অন্যান্য পরিত্যক্ত/ব্যবহার অযোগ্য মালামালের তালিকা প্রণয়ন করে নিলাম প্রক্রিয়া শুরুর পর, আগামী ৩০ মার্চ/২০২৩ ইং তারিখের মধ্যে নিলামের মাধ্যমে উক্ত অকেজো মালামালের বিক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। আগামী ১০ জুন/২০২৩ ইং তারিখের মধ্যে উক্ত | ১। আগামী ৩০ মার্চ/২০২৩ ইং তারিখের মধ্যে নিলামের মাধ্যমে অকেজো মালামাল সমূহের নিলামের মাধ্যমে বিক্রয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ২। আগামী ১০ জুন/২০২৩ ইং তারিখের মধ্যে অকেজো মালামালের যায়গাটি পরিষ্কার করে সেখানে ফুলের বাগান করতে হবে। ৩। পুরনো ও অকেজো গাড়ি সহ অন্যান্য পরিত্যক্ত/ব্যবহার অযোগ্য মালামাল পরিষ্কারের এবং বাগান নির্মাণের ছবি তুলে | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, চুয়াডাঙ্গা। |




ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো লিঃ)
West Zone Power Distribution Company Limited (WZPDCL)



| | | | |
|---|---|--|------------------|
| | যায়গায় ফুলের বাগান করতে হবে। এক্ষেত্রে অকেজো মালামাল পরিস্কারের এবং বাগান নির্মাণের ছবি তুলে সংরক্ষণ করতে হবে। মালামালের নিলাম প্রক্রিয়া এবং বাগানের কাজের অফিস আদেশ প্রমানক হিসেবে সংরক্ষণ করার জন্যও তিনি নির্দেশনা প্রদান করেন। | সংরক্ষণ করতে হবে। ৪। মালামালের নিলাম এবং বাগান নির্মাণ কাজের অফিস আদেশ প্রমানক হিসেবে সংরক্ষণ করতে হবে। ৫। সকল প্রমানক সদর দপ্তরের এপিএ শাখায় যথাসময়ে প্রেরণ করতে হবে। | |
| ৪ | সভাপতি বলেন, উন্নত গ্রাহক সেবা নিশ্চিত করা এবং দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নে ওজোপাডিকো'র আওতাধীন মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীকে অফিস চলাকালীন সার্বক্ষণিক অফিসিয়াল আইডি কার্ড পরিধান ও দৃশ্যমান রাখতে হবে। | ওজোপাডিকো'র আওতাধীন মাঠ পর্যায়ের সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীকে অফিস চলাকালীন সার্বক্ষণিক অফিসিয়াল আইডি কার্ড পরিধান ও দৃশ্যমান রাখতে হবে। সকল দপ্তর প্রদান এ বিষয়টি নিবিড়ভাবে মনিটরিং করবেন। | সকল দপ্তর প্রধান |
| ৫ | সভাপতি বলেন, গ্রাহকের নতুন বিদ্যুৎ সংযোগের আবেদনের ক্ষেত্রে দ্রুত বিদ্যুৎ সংযোগ প্রদানের ব্যাপারে সর্বোচ্চ সচেষ্ট হতে হবে এবং এক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। | নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। সকল দপ্তর প্রদান এ বিষয়টি নিবিড়ভাবে মনিটরিং করবেন। | সকল দপ্তর প্রধান |
| ৬ | ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের সকল সূচকে মাঠ পর্যায়ের যেসকল দপ্তর লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করেছে তাদের ধন্যবাদ জানানো হয়। আর যে সকল দপ্তর এখনও লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করতে পারেনি তাদের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে জোর তৎপরতা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করা হয়। | ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের সকল সূচকে সে সমস্ত দপ্তর লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করতে পারেনি তাদের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে জোরালো পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল দপ্তর |

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


প্রকৌঃ মোহাঃ শামছুল আলম
নির্বাহী পরিচালক (পরিচালন)
ওজোপাডিকোলিঃ, খুলনা।



অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো

১. ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকোলিঃ, খুলনা।
২. নির্বাহী পরিচালক (অর্থ/পিএন্ডডি), ওজোপাডিকোলিঃ, খুলনা।
৩. প্রধান প্রকৌশলী, ও এন্ড এম, এস এন্ড ডি, ওজোপাডিকোলিঃ, খুলনা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পওস সার্কেল), ওজোপাডিকোলিঃ, খুলনা/যশোর/কুষ্টিয়া/ফরিদপুর/বরিশাল/পটুয়াখালী।
৫. ব্যবস্থাপক (বাণিজ্যিক)/নির্বাহী প্রকৌশলী (কারিগরি) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ওজোপাডিকোলিঃ, খুলনা।
৬. সকল নির্বাহী প্রকৌশলী/ইএসইউ প্রধান, ওজোপাডিকোলিঃ.....
৭. দপ্তর নথি।